

🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارق

আয়াতঃ ৮৬:১১

আরবি মূল আয়াত:

وَ السَّمَآءِ ذَاتِ الرَّجعِ ﴿١١﴾

বৃষ্টিসম্পন্ন আসমানের কসম। — আল-বায়ান

ঘুরে ঘুরে আসা বৃষ্টিবাহী আকাশের শপথ, — তাইসিরুল
শপথ আসমানের যা ধারণ করে বৃষ্টি, — মুজিবুর রহমান

By the sky which returns [rain] — Sahih International

১১. শপথ আসমানের যা ধারণ করে বৃষ্টি(১),

(১) আকাশের জন্য (বৃষ্টি বর্ষণকারী) বিশেষণটি ব্যবহার করা হয়েছে। 'রাজ'আ' শব্দটির আভিধানিক অর্থ হচ্ছে, ফিরে আসা। তবে পরোক্ষভাবে আরবী ভাষায় এ শব্দটি বৃষ্টির জন্য ব্যবহার করা হয়। কারণ বৃষ্টি মাত্র একবার বর্ষিত হয়েই খতম হয়ে যায় না বরং একই মওসুমে বারবার এবং কখনো মওসূম ছাড়াই একাধিকবার ফিরে আসে এবং যখন তখন বর্ষিত হয়। সুতরাং এর অর্থ পর পর বর্ষিত বৃষ্টি। [ফাতহুল কাদীর] কাতাদাহ বলেন, এর অর্থ, আকাশের বৃষ্টি প্রতিবছর মানুষের রিষিক নিয়ে আসে। যদি তা নিয়ে না আসত। তবে মানুষ ও জীব-জানোয়ারের ধ্বংস অনিবার্য হতো। [ইবন কাসীর] বৃষ্টিকে প্রত্যাবর্তনকারী বলার আর একটি কারণ এটাও হতে পারে পৃথিবীর সমুদ্রগুলো থেকে পানি বাষ্পের আকারে উঠে যায়। আবার এই বাষ্পই পানির আকারে পৃথিবীতে বর্ষিত হয়। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

১১। শপথ বারবার বর্ষণশীল আকাশের। [1]

وجع এর আভিধানিক অর্থ হল ফিরে আসা। বৃষ্টিও বারবার এবং ফিরে ফিরে আসে বলে তার জন্য رجع শব্দ প্রয়োগ করা হয়েছে। কোন কোন উলামাগণ বলেন যে, মেঘ (সূর্যের তাপে) সমুদ্রের পানি থেকে সৃষ্টি হয় অতঃপর পুনরায় সেই পানি (সমুদ্র ও) পৃথিবীতে ফিরে আসে। এই জন্য বৃষ্টিকে رجع বলা হয়েছে। আরবরা পুনর্বার বৃষ্টির আশায় আশাবাদী হয়ে বৃষ্টিকে جبے বলত; যাতে বারবার বর্ষণ হতে থাকে। (ফাতহুল ক্কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5942

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন